



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি বি এল কলেজ, খুলনা



দুরালাপনী : অফিস ৭৬২৯৪৪
ফ্যাক্স নং : ০৪১-২৮৫০৩৭০

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স শ্রেণীর ভর্তির তারিখ বর্ধিতকরণের বিজ্ঞপ্তি

ভর্তি পরীক্ষার ফলাফল www.nu.edu.bd/admissions ওয়েব সাইটে পাওয়া যাবে।

০১। ভর্তির তারিখ (১ম মেধা তালিকায় উত্তীর্ণ)ঃ

বিষয়ের নাম	ভর্তির তারিখ
বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, পদার্থ, রসায়ন	২৬.১১.২০১৫ খ্রি.
ইংরেজি, ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, উদ্ভিদ, প্রাণি, পরিসংখ্যান	২৬.১১.২০১৫ খ্রি.
ইসলামের ইতিহাস, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স, মনোবিজ্ঞান, ভূগোল, গণিত	২৬.১১.২০১৫ খ্রি.
উল্লিখিত তারিখের পর আর কোন ক্রমেই ভর্তি করা হবে না।	

০২। ১ম মেধা তালিকার স্থান প্রাপ্তদের অনলাইনে ভর্তি ফরম গ্রহণ : ১৪.১১.২০১৫ থেকে ২৫.১১.২০১৫ তারিখ পর্যন্ত।

০৩। বিষয়ভিত্তিক ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের ভর্তি পরীক্ষার রোল ও পিন নম্বর ব্যবহার করে ওয়েব সাইট www.nu.edu.bd/admissions থেকে A4 সাইজে অফসেট সাদা কাগজে কালার প্রিন্ট দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে। ভর্তি ফরম প্রিন্ট করার পর কলেজ কপি ২ সেট ফটোকপি করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ছাত্র-ছাত্রীকে বিভাগ হতে সেমিনার ফিস বাবদ প্রয়োজনীয় টাকা পরিশোধ পূর্বক সেমিনার রশিদ গ্রহণ করতে হবে। ভর্তির আবেদন ফরমে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে ভর্তি ফি কলেজ অফিসে (প্রশাসনিক ভবনের পিছনে কাউন্টারে) জমা দিয়ে ভর্তি হতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

০৪। ছাত্র-ছাত্রী বিষয় পরিবর্তন করতে চাইলে ভর্তির ফরম অনলাইন থেকে ওঠানোর সময় বিষয় পরিবর্তন করতে ইচ্ছুক হলে (Yes) আর ইচ্ছুক না হলে (No) করতে হবে। কলেজের আসন শূন্য থাকা সাপেক্ষে ও মেধার ভিত্তিতে পছন্দের উর্দ্বক্রম অনুসারে বিষয় পরিবর্তনের ফলাফল ওয়েব সাইটে প্রকাশ করা হবে। শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে ওয়েব সাইট হতে সেই একই প্রক্রিয়ায় বিষয় পরিবর্তনের ফরম সংগ্রহ করে নির্ধারিত তারিখের মধ্যে কলেজে পরিবর্তিত বিষয়ে ভর্তি হতে হবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হলে তার পূর্বের ভর্তি বাতিল হয়ে যাবে এবং পরিবর্তিত বিষয়ে তার ভর্তি নিশ্চিত হবে। তবে বিষয় পরিবর্তনের ক্ষেত্রে পরিবর্তিত বিভাগের সেমিনার ফি ব্যতিত অন্য কোন ভর্তি ফি প্রদান করতে হবে না।

০৫। পরিচয়পত্রের জন্য ০১ (এক) কপি স্ট্যাম্প সাইজের রঙ্গিন ছবি (পিছনে রোল নম্বর লিখে) স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

০৬। ছাত্র-ছাত্রীকে ভর্তির সময় এইচ. এস. সি পাসের মূল নম্বর ফর্দ (মূল নম্বর ফর্দ ছাড়া ভর্তি করা হবে না) আনতে হবে। সংশ্লিষ্ট বিভাগে এইচ.এস.সি পাসের মূল নম্বর ফর্দ জমা রাখতে হবে।

০৭। শিক্ষার্থী সরকারি বি এল কলেজ, খুলনা অথবা অন্য কোন কলেজে অনার্স অথবা ডিগ্রী (পাস) কোর্সে ভর্তি থাকলে ভর্তি বাতিল করে মূল নম্বর ফর্দ আনতে হবে।

০৮। ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সংগে আনতে হবে। প্রবেশপত্রের ছবির সাথে ভর্তিচ্ছু প্রার্থীর চেহারা মিলিয়ে নিতে হবে।

০৯। মুক্তিযোদ্ধা/ আদিবাসি/ দৃষ্টি প্রতিবন্ধী কোটায় (ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ) ভর্তির তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পরবর্তীতে প্রকাশ করা হবে।

১০। ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীকে এস. এস. সি ও এইচ. এস. সি. পাসের মূল নম্বর ফর্দ ও প্রশংসাপত্র এর সত্যায়িত ফটোকপি এবং সেমিনার রসিদ ফটোকপি করতে হবে। আবেদন ফরমের ১ সেট বিভাগে এবং মূল ভর্তি ফরমের সাথে ১ সেট কলেজ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফিস প্রদান করেই ভর্তি প্রক্রিয়া শেষ করতে হবে।

১১। কলেজ অভ্যন্তরে অবস্থিত পশ্চিম পার্শ্ব (কলেজ মসজিদের পাশে) সোনালী ব্যাংক, দৌলতপুর কলেজ রোড শাখা থেকে বেতন বই সংগ্রহ করে কলেজ অফিসে ভর্তির ফিস জমা দিতে হবে। মূল বেতন বই ছাড়া কোন বিচ্ছিন্ন পাতায় ভর্তি করা হবে না।

১২। ফিসাদি : মানবিক/ ব্যবসায় শিক্ষা = ২,৬৯০/- (দুই হাজার ছয়শত নব্বই টাকা) মাত্র (সেমিনার ফিস বাদে)।

বিজ্ঞান : পদার্থ, রসায়ন, গণিত, ভূগোল, মনোবিজ্ঞান, পরিসংখ্যান = ২,৮৪০/-, উদ্ভিদ ও প্রাণিবিদ্যা = ২,৭৯০/- মাত্র (সেমিনার ফিস বাদে)।

সেমিনার ফিসঃ মানবিক/ ব্যবসায় শিক্ষা (প্রতি বর্ষের) ৪০০/- এবং বিজ্ঞান (প্রতি বর্ষের) ৫৫০/- টাকা মাত্র।

১৩। ক্লাস শুরু : ০১/১২/২০১৫ খ্রি. তারিখ।

১৪। ভর্তিকৃত যে সকল ছাত্র-ছাত্রী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকে ২০১৩ সালে নিবন্ধনকৃত এবং যারা ২০১৫ সালে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করে চতুর্থ বিষয় বাদে এস. এস. সি-তে জি. পি. এ. ৪.০০ এবং এইচ. এস. সি-তে জি. পি. এ. ৪.০০ পেয়েছে, তাদেরকে কলেজ অফিস হতে 'বৃত্তির আবেদন ফরম' সংগ্রহ করে এইচ. এস. সি. নম্বর ফর্দের সত্যায়িত ছায়ালিপি অফিসে আগামী ২১/১২/২০১৫ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

(প্রফেসর গুলশান আরা বেগম)

অধ্যক্ষ

সরকারি বি এল কলেজ, খুলনা